

পৌল নারীর একজন বাধা প্রদানকারী নাকি একজন মুক্তিদানকারী ছিলেন?

একজন মুক্তিদাতা! পৌল মনেপ্রাণে চেয়েছিলেন যেন পুরো বিশ্ব ঈসাকে জানে। জামাতের সবচেয়ে সফল পরিচর্যাকারী হিসেবে তিনি আরো শ্রমিক চেয়েছিলেন।

একজন জাজ্বল্যমান ধর্মপ্রচারক হিসেবে, পৌল চেয়েছিলেন যাতে সুসমাচার তবলিগ বৃদ্ধি পায়। একজন রুহে পরিচালিত কার্যসাহক হিসেবে, পাক-রুহ যে তৃপ্তি বিশ্বাসীদের উপহার দিচ্ছিলেন তা অসম্মান করতে নাকোচ করেছিলেন। একজন বুদ্ধিমান চিন্তাবিদ ও কৌশলবিদ হিসেবে, পৌল বোকোর মত “ফুটবল দলের অর্ধেক খেলোয়াড়কে বসিয়ে রাখেননি”। একজন চরম নিপীড়িত আগামী শহীদ হিসেবে, যখন সুসমাচারের অগ্রসর হয়েছে তিনি আনন্দ করেছেন, এমনকি যারা খারাপ উদ্দেশ্যে তাকে “সমস্যায় জড়িয়েছে” তাদের জন্যও আনন্দিত হয়েছেন। কারণারে শিকলবদ্ধ থাকাকালে, পৌল ফিলিপীয় ১: ১৭-১৮ আয়াতে বলেছিলেন :

“কিন্তু তাতে কি এসে যায়? আসল কথা হল, এতে যেভাবেই হোক মসীহের বিষয় প্রচারিত হচ্ছে- তা ছলনার উদ্দেশ্যেই হোক আর সং উদ্দেশ্যেই হোক; আর তাতেই আমার আনন্দ।”

একজন প্রশিক্ষিত ধর্মতত্ত্ব লেখক হিসেবে, পৌল পরিশ্রমীদের প্রশংসা করতে, তাদের সম্মান করতে, ভ্রান্ত শিক্ষাদাতাদের দরজা বন্ধ করতে এবং আল্লাহ বিশ্বাসীদের জন্য দরজা উন্মুক্ত করতে সাবধানে শব্দের ব্যবহার করেছেন। পৌল আরো বেশি ভরসাযোগ্য ও সংখ্যাবৃদ্ধিকারক শিক্ষকদের চেয়েছিলেন! (ওয়ান-পেজার দেখুন, “২-২-২ নীতি-টি” দরজা প্রশস্ত করে?)

পুরুষ ও নারী পরিচর্যাকারীদের ব্যাপারে বলার সময়ে পৌল কোন শব্দগুলো পৌল ব্যবহার করেছেন?

তার লেখায়, পৌল ৩৯ জন লোককে চিহ্নিত করেছেন যারা পরিচর্যা কাজ করেন। তিনি ২২ জন পুরুষ এবং ১৭ জন নারীকে চিহ্নিতকরণ উপায়ে উল্লেখ করেছেন। তার পুরুষ ও নারী সহকর্মীদের বুঝাতে তিনি উভয়ের ক্ষেত্রে একই শব্দ ব্যবহার করেছিলেন, তিনি তাদেরকে হয় সিনার্গস (সহকর্মী) আর নাহয় কোপিয়াও (শ্রমিকগণ) বলে অভিহিত করেছেন।

রোমীয় ১৬:৩

“মসীহ ঈসাতে আমার সহকারী শিক্ষা ও আঙ্কিলাকে মঙ্গলবাদ কর;”

রোমীয় ১৬:১২

“ক্রফেণা ও ক্রফোষা, যাঁহারা প্রভুতে পরিশ্রম করেন, তাঁহাদিগকে মঙ্গলবাদ কর। ত্রিয়া পর্ণী, যিনি প্রভুতে অত্যন্ত পরিশ্রম করিছেন, তাঁহাকে মঙ্গলবাদ কর।”

ফিলিপীয় ৪:৩

“আবার, হে প্রকৃত সহযোগ্য, তোমাকেও বিনয় করিতেছি, তুমি ইহাদের সাহায্য কর, কেননা ইহারা সুসমাচারে আমার সহিত পরিশ্রম করিয়াছিলেন, ক্লীমেন্ট এবং আমার অন্যান্য সহকর্মচারীও তাহা করিয়াছিলেন, তাঁহাদের নাম জীবন-পুস্তকে লেখা আছে।”

ফৈবি...গুধুই একজন সাহায্যকারী, নাকি আরো বেশি কিছু?

যাজক ফরিয়বিকে (রোমীয় ১৬:১-২) পৌল বর্ণনা করেছেন সবচেয়ে একটি প্রচলিত শব্দ দ্বারা যেটি উদার নেতাকে বর্ণনা করতে ব্যবহৃত হয়, যেমন সীজার। তার তাৎপর্যপূর্ণ ক্ষমতার কারণে, পৌল তাকে প্রস্টেটিস আখ্যা দিয়েছেন। এই শব্দটির অন্যান্য অর্থগুলি হল: বিজয়ী, হিতকারী, পৃষ্ঠপোষক। পৌল তাকে তার সেবা প্রদানের জন্য এবং সেপথরিয়ে মন্ডলীকে নিজে প্রকাশ্যে সম্মান জানিয়েছেন।

উপসংহার

পৌল নারীদেরকে ঘৃণা করেননি বা বাধা দেননি। তিনি তাদেরকে সম্মান করেছেন, উৎসাহ দিয়েছেন, এবং বিশ্বাস করেছেন। পৌল তাদেরকে বর্ণনা করতে যেভাবে তার পুরুষ পরিচর্যাকারীদের ক্ষেত্রে করেছেন সেসব শব্দই ব্যবহার করেছেন। আমরা ব্যক্তিগতভাবে পৌলের সাথে দেখা করতে অধীর আশ্রয়ী!

মহিলা সহকর্মী এবং বন্ধুগণ যারা ইতিবাচকভাবে পৌলের দ্বারা উল্লেখিত হয়েছিলেন
আপ্লিয়া (ফিলিমন ১:২), ক্লোরী (১ম করিন্থীয় ১:১১), ক্লোরীয়া (২য় তীমথিয় ৪:২১),
উনীকী (২য় তীমথিয় ১:৫), ইবদিয়া (ফিলিপীয় ৪:২-৩)- যুলিয়া (রোমীয় ১৬:১৫),
য়ুনিয় (রোমীয় ১৬:৭), লোরী (২য় তীমথিয় ১:৫), মরিয়ম (রোমীয় ১৬:৬), নীরিয়
(রোমীয় ১৬:১৫), নুফা (কলসীয় ৪:১৫), প্রিক্সিলা (রোমীয় ১৬:৩-৫);
১ করিন্থীয় ১৬:১৯; প্রেরিত ১৮:১-৩, ১৮-১৯, ২৬), রুফের মাতা
(রোমীয় ১৬:১৩), সুত্তথী (ফিলিপীয় ৪:২-৩), ক্রফেণা (রোমীয় ১৬:১২),
ক্রফোষা (রোমীয় ১৬:১২)। এছাড়া, লুদিয়া উল্লেখিত আছে প্রেরিত ১৬: ১৩-১৫,
৪০ আয়াতে।

মূল শব্দ

συνεργός

syn(সিন) = একই, ergos(আর্গোস) = শক্তি সহকর্মী

মূল শব্দ

κοπιᾶω

kopiao(কোপিয়াও) = শ্রমিক

মূল শব্দ

προστάτις

prostatis (প্রস্টেটিস) = অসামান্য সাহায্য, উপকারকারী

৪ টি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি আল্লাহ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?